# বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭

www.bim.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৩৬.০৭.০০০০.০২২.১১.২০০.২৩/৩১৮ তারিখঃ ০৪/০১/২০২৩খ্রিঃ

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর নিম্নবর্ণিত ১২টি ক্যাটাগরীতে সর্বমোট ২৪ (চব্বিশ) টি শূন্য পদ পূরণের নিমিত্তে বর্ণিত শর্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়স | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ব্যবস্থাপনা উপদেষ্টা | ১০টি | অনুর্ধ্ব ৩২ বৎসর | ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | ১। বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/ বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখায় দ্বিতীয় শ্রেণীর/সমতুল্য গ্রেড পদ্ধতির স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। এবং<br>২। কোন শিল্প / বাণিজ্যিক প্রতিষ্ঠানে প্রাসঙ্গিক বিষয়ে কোন দায়িত্বশীল পদে কমপক্ষে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এবং<br>৩। কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা দানের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | প্রযোজ্য নয় |
| ০২। | প্রোগ্রামার | ১টি | অনুর্ধ্ব ৩২ বৎসর | ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | ১। বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/ বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখায় দ্বিতীয় শ্রেণীর/সমতুল্য গ্রেড পদ্ধতির স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। এবং<br>২। কোন শিল্প / বাণিজ্যিক প্রতিষ্ঠানে প্রাসঙ্গিক বিষয়ে কোন দায়িত্বশীল পদে কমপক্ষে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এবং<br>৩। কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা দানের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ০৩। | উর্ধ্বতন সম্পাদক | ১টি | অনুর্ধ্ব ৩২ বৎসর | ২৯০০০-৬৩৪১০ (গ্রেড-৭) | ১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে সাংবাদিকতায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সাংবাদিকতা/প্রকাশনা ও জনসংযোগ কাজে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা।<br>২। বাংলা, ইংরেজী ভাষায় পারদর্শীতাসহ ফটোকম্পোজিং এবং কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ০৪। | সহযোগী ব্যবস্থাপনা উপদেষ্টা | ১টি | অনুর্ধ্ব ৩২ বৎসর | ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | বাণিজ্য/ব্যবসাপ্রশাসন/সমাজবিজ্ঞান/পরিসংখ্যান/কম্পিউটার বিজ্ঞান-এর সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশলে সমমানের ডিগ্রী থাকিতে হইবে। | |
| ০৫। | প্রধান সহকারী | ১টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ যেকোন সরকারি/ আধা-সরকারি প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ বৎসরের কাজের অভিজ্ঞতা। | গোপালগঞ্জ, মুন্সিগঞ্জ, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, শেরপুর, কুমিল্লা, চাঁদপুর, কুড়িগ্রাম, খুলনা, কুষ্টিয়া, সাতক্ষীরা, বরিশাল, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, বরগুনা। তবে শারিরিক প্রতিবন্ধী ও এতিমখানা নিবাসী সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
| ০৬। | উচ্চমান সহকারী | ১টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | দ্বিতীয় বিভাগে/সমতুল্য গ্রেড পদ্ধতির এইচ.এস.সি. পাসসহ যেকোন সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ০৭। | প্রজেক্টর অপারেটর | ১টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | দ্বিতীয় বিভাগে এইচ.এস.সি. বা সমমানের পাস তৎসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ০৮। | ইমাম | ১টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | কমপক্ষে ফাজিল পাস তৎসহ কোরআনে হাফেজকে অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ০৯। | ইলেকট্রিশিয়ান | ৩টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ১। কমপক্ষে ৮ম শ্রেণী পাস তৎসহ সরকার অনুমোদিত কোন কারিগরী ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক যন্ত্রাদি সংরক্ষণ ও গৃহে বৈদ্যুতিক তার সংযোজনের কাজে ১ বৎসরের ট্রেড সার্টিফিকেট কোর্সসহ ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা<br>২। কমপক্ষে ৮ম শ্রেণী পাসসহ ইলেকট্রিশিয়ান ট্রেড কোর্স পাস এবং কমপক্ষে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। প্রজেক্টর এবং ডুপ্লিকেটিং মেশিন চালনায় দক্ষতা থাকিতে হইবে। | |
| ১০। | বাবুর্চি (পাচক) | ১টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ৮৮০০-২১৩১০ (গ্রেড-১৮) | ৮ম শ্রেণী পাস । বাংলাদেশী,চাইনিজ, ইংলিশ বাসন সাজানো ও বিভিন্ন রন্ধন ও মেনু তৈয়ারীর কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১১। | মশালচি | ১টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ৮ম শ্রেণী পাসসহ বিভিন্ন রান্নার জন্য মশলা পেষা ও কিচেনের অন্যান্য কাজে সহযোগীতা করার জন্য অভিজ্ঞতা থাকিতে হইবে । | |
| ১২। | নিরাপত্তা প্রহরী | ২টি | অনুর্ধ্ব ৩০ বৎসর | ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | এস.এস.সি. পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা সম্পন্ন থাকিতে হইবে। সামরিক বাহিনীর কর্মচারী, আনসার, বিডিআর ও পুলিশ বাহিনীর প্রাক্তন সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |

শর্তাবলী :

১। আবেদনকারীকে অবশ্যই সাদা কাগজে লিখিত/ টাইপকৃত দরখাস্ত দাখিল করিতে হইবে। আবেদনকৃত পদের নাম খামের উপরে স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

২। দরখাস্তে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

৩। আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করিতে হইবেঃ-

ক) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদসহ অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত কপি;

খ) স্থানীয় চেয়ারম্যান/ পৌর সভার মেয়র/ সিটি কর্পোরেশনরে কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদ;

গ) প্রার্থীর আত্মীয় নহেন এমন একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;

ঙ) আবেদনের সহিত ক্রমিক-১ – ৪ এর জন্য ৫০০/- (পাঁচশত) এবং ক্রমিক ৫ – ১২ এর জন্য ৩০০/- (তিনশত) টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট মহাপরিচালক, বিআইএম, ঢাকা এর অনুকূলে প্রদান করিতে হইবে। কোন পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়;

চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান হইলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি;

ছ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি;

জ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত সনদের কপি;

৪। এসএসসি বা সমমানের পরীক্ষার সনদের ভিত্তিতে প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হইবে। জনপ্রশাসন মন্ত্রণালয় স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯, তারিখ ২২-০৯-২০২২ অনুসারে প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা ২৫-০৩-২০২০ তারিখ হতে নির্ধারিত হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।

৫। আবেদনপত্রে আবশ্যিকভাবে ই-মেইল এড্রেস ও মোবাইল/ ফোন নম্বর উল্লেখ করিতে হইবে।

৬। নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারি বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা ২০০১ অনুযায়ী নিয়ন্ত্রিত হইবেন।

৭। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সদনপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। চাকরি প্রাপ্তির পরও যেকোন পর্যায়ে তাহার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হইলে তাহাকে চাকরি হইতে তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হইবে। বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত সনদের ক্ষেত্রে ইউজিসি কতৃর্ক প্রদত্ত সমতাকরণ সনদ যুক্ত করতে হবে।

৮। চাকরির আবেদন মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, ৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭ এর সমীপে রেজিস্টার্ড ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাইতে হইবে। আবেদনপত্র সর্বশেষ ২৬ জানুয়ারি ২০২৩ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই মহাপরিচালকের দপ্তরে পৌঁছাইতে হইবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন সমূহ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে এবং ফেরৎ দেওয়া হইবে।

৯। আবেদনপত্র সমূহ যথাযথভাবে বাছাইয়ের পর বৈধ প্রার্থীদের নিকট লিখিত পরীক্ষার নির্ধারিত প্রবেশপত্র ডাকযোগে পাঠানো হইবে। বিশেষ অবস্থার প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে প্রবেশপত্র না পাওয়া গেলে বিআইএম হইতে প্রার্থীর স্ব-উদ্যোগে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাইবে।

১০। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট যাবতীয় মূল সনদপত্র প্রদর্শন করিতে হইবে।

১১। সম্পূর্ণরূপে যোগ্যতা, নিরপেক্ষতা ও স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হইবে। যেকোন ব্যক্তিগত যোগাযোগ ও তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।

১২। সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা নিয়োগকালীন সময়ে সর্বশেষ প্রচলিত নিয়ম সংরক্ষিত/প্রযোজ্য হইবে।

১৩। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

১৪। আবেদনকারী মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা ও নাতী/নাতনী হইলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতা মহের মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতী/নাতনী হইলে, সেক্ষেত্রে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

১৫। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হইবে না।

১৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৭। স্বাক্ষরবিহীন এবং অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিলযোগ্য বলে গণ্য হইবে।

১৮। হাল নাগাদ তথ্যের জন্য বিআইএম এর ওয়েব সাইট www.bim.gov.bd-তে ভিজিট করা যাইতে পারে।

১৯। বিআইএম অফিস আদেশ নং-৩৬.০৭.০০০০.০২২.১১.২০০.২৩/০৫, তারিখঃ ০৩/০৭/২০২২খ্রিঃ তারিখে যারা উক্ত পদসমূহে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মহাপরিচালক